দৈনিক ইত্তেফাক

তারিখ 03 OCT 1995
পৃষ্ঠা ৩ কলাম ৩

## ৫ই অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস

শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষক সমিতিসমূহের যৌথ উদ্যোগে ৫ অক্টোবর 'বিশ্ব শিক্ষক দিবস' পালিত হইবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঐদিন সকালে শিল্পকলা একাডেমী মিলনায়তনে দিবসের কর্মসূচীর উদ্বোধন করিবেন। শিক্ষামন্ত্রী বিশেষ অতিথি থাকিবেন। এক তথ্য বিবরণীতে

(৪র্থ পৃ: দ্র:)

## ৫ অক্টোবর

( ৩য় পৃ: পর )

বলা হয়, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম) এদিন সেমিনার করিবে।

দিবসটি পালনের জন্য জাতীয় পর্যায় শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোহাম্মদ শহীদুল আলমকে আহ্বায়ক করিয়া প্রস্তুতি কমিটি, জেলা পর্যায়ে জেলা প্রশাসককে সভাপতি ও জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক)-কে সদস্য-সচিব করিয়া জেলা প্রস্তুতি কমিটি গঠন করা হইয়াছে।

এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্ব শিক্ষক দিবস পালনের লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি ( বাকশিস ) এক বিজ্ঞপ্তিতে সংগঠনের সকল ইউনিটের প্রতি আহ্বান জানাইয়াছে। বাকশিস সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক আহমদের সভাপতিত্বে ১লা অক্টোবর অনুষ্ঠিত সভায় এ উপলক্ষে ৭ সদস্যের কমিটি গঠনসহ বিস্তারিত কর্মসূচী নেওয়া হয়।